**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 14-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে ১৩ দিনব্যাপী ১৯তম আঞ্চলিক সরস মেলার উদ্বোধন করেন ।**

**২) শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্তনা চাকমা আজ 'মুখ্যমন্ত্রী-দক্ষতা-উন্নয়ন-প্রকল্পের' অধীনে কৌশল ভ্যানের সূচনা করেন ।**

**৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন সংবিধান দেশের ঐক্যের মূল স্তম্ভ।**

**৪) জাতীয় স্কুল জুডো প্রতিযোগিতার অনূর্ধ্ব ১৭ বছরের বালিকা বিভাগের লড়াইয়ে ত্রিপুরা দলগত তৃতীয় হয়েছে ।**

**********************************************

**Saras Mela-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের মহিলা স্ব-সহায়ক দলের ৩ লক্ষ ৭১ হাজারেরও বেশি সদস্যকে প্রধানমন্ত্রী সুরক্ষা যোজনার আওতায় আনা হয়েছে। এখনো পর্যন্ত ২১ হাজারেরও বেশি স্ব-সহায়ক সদস্যকে জীবন জ্যোতি অটল পেনশন যোজনার আওতায় আনা হয়েছে। রাজ্যে বর্তমানে ১২ হাজারেরও বেশি স্ব-সহায়ক দলে ৪ লক্ষ ৭৩ হাজার সদস্য সক্রিয়ভাবে কাজ করছে।

আজ ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের ব্যবস্থাপনায় আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে ১৩ দিনব্যাপী ১৯তম আঞ্চলিক সরস মেলার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি বলেন স্ব-

সহায়ক দলের উৎপাদিত সামগ্রী নিয়ে মহিলারা প্রতি বছর এই সরস মেলায় আসেন। স্ব-সহায়ক দলের মহিলাদের তৈরী উলের জিনিষ, মাটির ও বাঁশবেতের তৈরি বিভিন্ন কারুকাজ, খেলনা, জৈবিক সার, কৃষিজ দ্রব্য, পশু খাদ্য সহ বিভিন্ন সামগ্রী এই মেলায় বিক্রির জন্য নিয়ে আসা হয়েছে।

##########CM-Byte########

অনুষ্ঠানে স্বাগত ভাষনে গ্রাম উন্নয়ন দপ্তরের সচিব সন্দীপ আর রাঠোর বলেন সরকারের লক্ষ্য রাজ্যে স্ব-সহায়ক দলের ১ লক্ষ ৪০ হাজার মহিলাকে লাখপতি দিদি বানানো। এর মধ্যে এখন পর্যন্ত লাখপতি দিদি হয়েছেন ৮৩ হাজার। তিনি বলেন, সরস মেলায় এবারের মেলার ভাবনা রাখা হয়েছে দিদি লাখপতি ত্রিপুরার অগ্রগতি। মেলায় প্রায় ৩৯৯টি স্টল রয়েছে, যার মধ্যে ৩৬৩টি স্টল রাজ্যের স্ব-সহায়ক দলের মহিলাদের জন্য, ১০টি স্টল অন্যান্য রাজ্যের স্ব-সহায়ক গোষ্ঠির জন্য। এই সরস মেলা চলবে আগামী ২৬শে ডিসেম্বর পর্যন্ত। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, বিধায়ক মিনারানী সরকার, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী ও জেলাশাসক ডক্টর বিশাল কুমার প্রমুখ।

******************************

**Industry & Commerce Minister :**

শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্তনা চাকমা আজ ইন্দ্রনগরে দক্ষতা উন্নয়ন দপ্তরের কার্যালয়ে 'মুখ্যমন্ত্রী-দক্ষতা-উন্নয়ন-প্রকল্পের' অধীনে কৌশল ভ্যানের সূচনা করেন। 'কৌশল ত্রিপুরা, কুশল ত্রিপুরা' শীর্ষক ২টি প্রচার ভ্যানগাড়ি রাজ্যের ৮ জেলায় দক্ষতা উন্নয়নের লক্ষ্যে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের প্রকল্পগুলির প্রচার করবে। অনুষ্ঠানে তিনি বলেন, এই প্রকল্পের মাধ্যমে আগামী পাঁচ বছর যুবক-যুবতীদের বিভিন্ন বিষয়ে দক্ষতা অর্জনের প্রশিক্ষণ দেওয়া হবে। এবছর পাঁচ হাজার বেকার যুবক-যুবতীদের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এই প্রশিক্ষণের জন্য বরাদ্দ ধরা হয়েছে

৫০ কোটি টাকা। এই প্রশিক্ষণের মূল লক্ষ্য বেকার যুবক-যুবতীদের আত্মনির্ভর করে তোলা। এই কর্মসূচির মধ্য দিয়েই এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ার কাজ অনেক এগিয়ে যাবে। দূরদূরান্তের যুবক যুবতীরা কোন বিষয়ে কিভাবে প্রশিক্ষণ গ্রহণ করবেন তা জানানো ও মতামত বিনিময় করার জন্য দপ্তর শীঘ্রই একটি অ্যাপ চালু করবে। আজকের এই অনুষ্ঠানে শিল্প ও বানিজ্য মন্ত্রী 'মুখ্যমন্ত্রী-দক্ষতা-উন্নয়ন-প্রকল্পের' লোগোর আবরণ উন্মোচন করেন।

*******************************

**Ratanlal Nath-Conference :**

ত্রিপুরা বিধানসভা কর্মচারী কল্যাণ সমিতির প্রথম দ্বি-বার্ষিক সম্মেলন আজ আগরতলায় অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন, উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষামন্ত্রী টিঙ্কু রায়। সম্মেলনে বিদ্যুৎমন্ত্রী কর্মচারীদের সততা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের জন্য পরামর্শ দেন। তিনি বলেন বর্তমান রাজ্য সরকার কর্মচারীদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়গুলিকে অগ্রাধিকার দিয়ে কাজ করছে।

*******************************

**NEC Meeting :**

উত্তর-পূর্বাঞ্চল পরিষদ অর্থাৎ এনইসি-র ৭২তম পূর্ণাঙ্গ বৈঠক আগামী ২১শে ডিসেম্বর আগরতলার প্রজ্ঞা ভবনে অনুষ্ঠিত হবে। পৌরোহিত্য করবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী-এন.ই.সি-র চেয়ারম্যান অমিত শাহ। অধিবেশনে উপস্থিত থাকবেন উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য এম সিন্ধিয়া প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার, উত্তর-পূর্বাঞ্চলের সমস্ত রাজ্যের রাজ্যপাল ও মুখ্যমন্ত্রীগণ। এর আগে অর্থাৎ আগামী ২০শে ডিসেম্বর আগরতলার একটি বেসরকারী হোটেলে প্রাক-পূর্ণাঙ্গ-বৈঠকের কারিগরি অধিবেশন

অনুষ্ঠিত হবে। উত্তর-পূর্ব উন্নয়ন প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার এই অধিবেশনে পৌরোহিত্য করবেন। বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রকের সচিবগণ, উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির মুখ্য সচিবগণ এবং পরিকল্পনা দপ্তরের উচ্চপদস্থ আধিকারিকরা এই অধিবেশনে অংশগ্রহণ করবেন।

****************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদের আরো আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM, Samvidhan :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন সংবিধান দেশের ঐক্যের মূল স্তম্ভ। প্রধানমন্ত্রী বৈচিত্র্যের মধ্যে ঐক্যকে দেশের অনন্য বৈশিষ্ট্য উল্লেখ করে বলেন, তার সরকারের নীতি ও সিদ্ধান্ত দেশের ঐক্যকে শক্তিশালী করার লক্ষ্যেই গৃহীত। প্রধানমন্ত্রী আজ লোকসভায় ভারতের সংবিধানের ৭৫ বছরের গৌরবময় যাত্রার উপর বিশেষ আলোচনায় প্রতিক্রিয়া জানাতে গিয়ে একথা বলেন।

প্রধানমন্ত্রী বিভিন্ন পরিকল্পনা ও উদ্যোগের মাধ্যমে দেশে ঐক্য আনতে এনডিএ সরকারের গৃহীত পদক্ষেপগুলি তুলে ধরেন। তিনি

বলেন, জম্মু ও কাশ্মীরে অনুচ্ছেদ ৩৭০ বাতিল করা হয়েছে এবং দেশে এক দেশ এক কর জিএসটি কার্যকর করা হয়েছে। তিনি বলেন, ওয়ান নেশন ওয়ান রেশন কার্ড, আয়ুষ্মান কার্ড, ওয়ান নেশন ওয়ান গ্রিড এবং অন্তর্ভুক্তিমূলক পরিকাঠামো উন্নয়ন দেশের মানুষকে সাহায্য করেছে। দেশের দ্রুত অর্থনৈতিক সম্প্রসারণ প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, ভারত একটি উন্নত দেশ হতে প্রতিশ্রুতিবদ্ধ এবং আগামী বছরগুলিতে এটি তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হবে। গত ৭৫ বছরে ভারতীয় সংবিধানের গৌরবময় যাত্রার প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন, এটা দেশের জন্য গর্বের বিষয়। তিনি এর প্রণেতাদের অবদানের কথা স্মরণ করে বলেন যে ভারতীয় গণতন্ত্র বিশ্বের জন্য একটি অনুপ্রেরণা। শ্রী মোদি সংবিধান প্রণয়নে নারীদের অবদানের কথাও উল্লেখ করেন।

###########Byte#########

তিনি বলেন, সরকার নারীদের নেতৃত্বে উন্নয়নের দিকে মনোযোগ দিয়ে কাজ করছে এবং নারী শক্তি বন্দন অধিনিয়াম গত বছর সংসদে পাস হয়েছে।

*****************************

**PM, CS Meeting :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নতুনদিল্লিতে মুখ্য সচিবদের চতুর্থ জাতীয় সম্মেলনে পৌরহিত্য করেন। তিনি আগামীকাল সম্মেলনে ভাষণ দেবেন। গতকাল শুরু হওয়া তিন দিনের সম্মেলনে একটি অভিন্ন উন্নয়ন কর্মসূচি এবং রাজ্যগুলির সঙ্গে অংশীদারিত্বে সমন্বিত পদক্ষেপের জন্য পরিকল্পনার বিবর্তন এবং বাস্তবায়নের উপর দৃষ্টি নিবদ্ধ করা হয়েছে। এই সম্মেলনের লক্ষ্য হল কেন্দ্র ও রাজ্য সরকারের মধ্যে অংশীদারিত্বকে আরও জোরদার করা, উভয়ের মধ্যে সম্পর্ক বৃদ্ধি এবং দ্রুত বৃদ্ধি ও উন্নয়ন অর্জনের জন্য আরও ভাল সমন্বয় নিশ্চিত করা।

****************************

**Tourism Promo Fest :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা ত্রিপুরা ট্যুরিজম প্রমো ফেস্ট-২০২৪ উপলক্ষে ন্যাশনাল ট্র্যাভেল মার্টে রাজ্যের পর্যটন সম্ভার ও পর্যটন শিল্পের বিকাশে রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গির কথা তুলে ধরেন। অনুষ্ঠানে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরীও উপস্থিত ছিলেন। আজ দুপুরে আগরতলা গীতাঞ্জলি পর্যটক আবাসে অ্যাসোসিয়েশন অব ডোমেস্টিক ট্যুর অপারেটরসদের নিয়ে এই ন্যাশনাল মার্টের আয়োজন করা হয়। এ উপলক্ষে বিজনেস টু বিজনেস আলোচনায় বহিরাজ্যের ট্যুর অপারেটরগণ অংশগ্রহণ করেন। দেশের ১৬টি রাজ্যের ৮০ জন প্রতিনিধি এই আলোচনায় অংশ নেন। আলোচনায় মুখ্যমন্ত্রী বলেন, ২০১৪ সালে কেন্দ্রে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ক্ষমতাসীন হওয়ার পর অ্যাক্ট ইস্ট পলিসি গ্রহণ করার ফলে রেল, সড়ক, বিমান পরিষেবা সহ যোগাযোগ ব্যবস্থায় অনেক পরিবর্তন এসেছে। তাছাড়াও পর্যটন ক্ষেত্রের পরিকাঠামোর উন্নতি ঘটানো হচ্ছে।

মুখ্যমন্ত্রী বলেন, স্বদেশ দর্শন, প্রসাদ প্রকল্পে মাতাবাড়ির সামগ্রিক উন্নয়নে প্রায় ৩৭ কোটি টাকা ব্যয় করা হচ্ছে। ঊনকোটিকে হেরিটেজ সাইট হিসেবে ঘোষণার জন্য নথিবদ্ধ করা হয়েছে। পর্যটকদের থাকার জন্য সারা রাজ্যে প্রায় ৪১টি লগহাট ও হোম স্টে'র ব্যবস্থা করা হয়েছে। তিনি বলেন, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের আর্থিক সহায়তায় নীরমহল, কসবা, ছবিমুড়ার পরিকাঠামো উন্নয়ন সহ নানাবিধ কাজ করা হচ্ছে। এছাড়াও ত্রিপুরার ১৯টি জনজাতি গোষ্ঠীর নিজস্ব সাংস্কৃতিক বৈচিত্র্যকে গুরুত্ব দিয়ে তুলে ধরা হচ্ছে। রাজ্যের জনজাতিদের আলাদা আলাদা কৃষ্টি সংস্কৃতি এ রাজ্যের পর্যটনের অন্যতম আকর্ষণ। অনুষ্ঠানে বক্তব্য রাখেন অ্যাসোসিয়েশন অব ডোমেস্টিক ট্যুর অপারেটর অব ইন্ডিয়ার প্রেসিডেন্ট বেদ প্রকাশ।

********************************

**Promo Fest :**

এদিকে, ত্রিপুরা ট্যুরিজম প্রমো ফেস্টের শেষ দিনে আজ সন্ধ্যা থেকে আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু হয়েছে। এই অনুষ্ঠানে প্রখ্যাত সঙ্গীত শিল্পী শ্রেয়া ঘোষাল সঙ্গীত পরিবেশন করবেন।

*****************************

**CM-Gomoti :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগামীকাল উদয়পুরে বেশ কয়েকটি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এগুলি হল উদয়পুর পুর এলাকায় অত্যাধুনিক টাউন হল সহ বহুতল কমার্শিয়াল বিল্ডিং, নেতাজি সুভাষ মহাবিদ্যালয়ের বিজ্ঞান ভবন, রমেশ স্কুলের 'বিচিত্রা হল' এবং নূতন বিল্ডিং নির্মান, রমেশ স্কুল মাঠে সিন্থেটিক টার্ফ বসানো। তাছাড়া তিনি রাজারবাগে উন্নতমানের মোটরস্ট্যান্ড, ভগিনী নিবেদিতা বিদ্যালয় সংলগ্ন ২০০ আসন বিশিষ্ট যুব আবাস, গোমতী জেলা শাসক অফিসের নতুন ভবন নির্মাণ।

******************************

**School Judo :**

জাতীয় স্কুল জুডো প্রতিযোগিতার অনূর্ধ্ব ১৭ বছরের বালিকা বিভাগের লড়াইয়ে ত্রিপুরা দলগত তৃতীয় হয়েছে। রাজধানীর এন এস আর সি সি'র ইন্ডোর হল-এ অনুষ্ঠিত আসরের শেষ দিনে রাজ্যদল আর কোন পদক পায় নি। ফলে একটি স্বর্ণ, একটি রূপো ও দুটি ব্রোঞ্জ সহ মোট চারটি পদক দখল করে। আসরে গুজরাট প্রথম ও মহারাষ্ট্র দ্বিতীয় স্থান পায়। আগামীকাল চারদিনের এই আসরের সমাপ্তি অনুষ্ঠান হবে।

**************************

**Women's Cricket :**

মহিলাদের জাতীয় সিনিয়র ক্রিকেটের সীমিত ওভারের আসরে ত্রিপুরা গ্রুপের পঞ্চম ম্যাচে জয়লাভ করেছে। হরিয়ানার অনুষ্ঠিত খেলায় আজ রাজ্যদল ১৩৮ রানে বিশাল ব্যবধানে মেঘালয়কে হারিয়ে দেয়।

************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫.৪ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলার দু এক জায়গায় অতি ঘন কুয়াশা পড়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

*************************